# অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩)

**প্রকল্প** : ৬৪ টি জেলার ২০০ টি উপজেলার ৬০০ টি ইউনিয়ন
**প্রকল্পের মেয়াদ** : ০১ জুলাই, ২০১৫ইং থেকে জুন, ২০২০ইং
**প্রকল্পের বরাদ্দকৃত অর্থের পরিমাণ ও উৎস :** জিওবি ১৯৯২৭.১৫ লক্ষ টাকা সুবিধাভোগী এবং ইউপি'র অংশ ৩২৪০.০০। মোট ব্যয়- ২৩১৬৭.১৫ লক্ষ টাকা

**প্রকল্পের উদ্দেশ্য:**
১। গ্রাম উন্নয়নে সম্পৃক্ত সকলের মধ্যে সহযোগিতা ও সমন্বয়ের পরিবেশ সৃষ্টি করা।
২। গ্রামবাসীগণের চাহিদা অনুসারে উন্নয়নমূলক সেবা প্রদান ও প্রাপ্তির ব্যবস্থা নিশ্চিত করা।
৩। গ্রামবাসীগণের সম্মিলিত প্রচেষ্টায় উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।
৪। সরকারি এবং বেসরকারি সংস্থার সকল সেবা ও সহায়তা সাধারণ জনগণের নিকট পৌঁছানো নিশ্চিত করা।
৫। গ্রামীণ জীবনমান উন্নয়নে গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ ও মেরামত করা।
৬। ইউনিয়ন পরিষদকে One Stop Service Delivery Station হিসাবে পরিণত করা।
৭। উন্নয়ন কর্মকান্ডের সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।
৮। গ্রাম, ইউনিয়ন ও উপজেলার মধ্যে Vertical Linkage এবং সেবা গ্রহনকারী- সেবা প্রদানকারীদের মধ্যে Horizontal Linkage স্থাপন করা।

**প্রকল্পের মূল কার্যক্রম:**
± গ্রাম উন্নয়ন কমিটি (ভিডিসি) গঠন এবং গ্রাম উন্নয়ন কমিটির মাধ্যমে স্থানীয় জনসাধারণের বিদ্যমান সমস্যাসমূহ ইউনিয়ন পরিষদে উপস্থাপন।
± ইউনিয়ন সমন্বয় কমিটির (ইউসিসি) মাধ্যমে সকল উন্নয়ন কর্মকান্ডে সংযোগ ও সমন্বয় বৃদ্ধি।
± ইউনিয়ন সমন্বয় কমিটির সভায় (ইউসিসিএম) খোলামেলা আলোচনার মাধ্যমে বিভিন্ন ধরণের ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ ও সংস্কারসহ গ্রাম এলাকার সকল উন্নয়নমূলক কর্মকান্ড সঠিকভাবে বাস্তবায়ন করা। প্রকল্পভূক্ত গ্রামবাসী, ইউনিয়ন পরিষদ ও প্রকল্প সহায়তায় অংশীদারিত্বের ভিত্তিতে গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে ক্ষুদ্র ভৌত অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক গ্রাম উন্নয়ন কমিটি (ভিডিসি) স্কিম বাস্তবায়ন করা। গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে ক্ষুদ্র অথচ গ্রামবাসীদের জন্য অতি প্রয়োজনীয় বিভিন্ন ধরনের ভৌত অবকাঠামো ভিডিসি স্কিম হিসাবে পাড়া রাস্তা, কালভার্ট, সাঁকো, স্কুল মেরামত, লাইব্রেরী, ড্রেনেজ, টিউবওয়েল, স্যানিটারী ল্যাট্রিন, আর্সেনিক পরীক্ষাকরণ, প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ইত্যাদি স্কিমসমূহ বাস্তবায়ন করা হয়।
± গ্রামীণ জনগণের দক্ষতা উন্নয়নের জন্য Field Proposal Type Training (FPTT) বাস্তবায়ন করাসহ আয় ও কর্মসংস্থানের সুবিধার্থে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান।